# বাংলাদেশ ব্যাংক

## সুপারভাইজরি ডেটা ম্যানেজমেন্ট এন্ড এনালিটিক্স ডিপার্টমেন্ট

## প্রধান কার্যালয়

## ঢাকা।

## ব্যাংক ও ফাইন্যান্স কোম্পানী নিরীক্ষার লক্ষ্যে নিয়োগযোগ্য সিএ ফার্মের তালিকা প্রণয়নকল্পে আবেদন আহ্বান।

ব্যাংক ও ফাইন্যান্স কোম্পানী নিরীক্ষার লক্ষ্যে বাংলাদেশ ব্যাংক কর্তৃক যোগ্য সিএ ফার্মের তালিকা প্রণয়নের উদ্যোগ গ্রহণ করা হয়েছে। এ লক্ষ্যে ৩০/০৭/২০২৬ তারিখে ফার্মের প্রতিষ্ঠাকাল পার্টনারশীপ ফার্ম হিসেবে ০৪ (চার) বছর হওয়া সাপেক্ষে এবং দি ইনস্টিটিউট অব চার্টার্ড একাউন্ট্যান্টস্ অব বাংলাদেশ (আইসিএবি) ও ফাইন্যান্সিয়াল রিপোর্টিং কাউন্সিল (এফআরসি) এর নিবন্ধনকৃত অংশীদারী চার্টার্ড একাউন্ট্যান্টস্ (সিএ ফার্ম) প্রতিষ্ঠানসমূহকে আগামী ৩০/০৮/২০২৬ তারিখের মধ্যে পরিচালক (এসডিএডি), সুপারভাইজরি ডেটা ম্যানেজমেন্ট এন্ড এনালিটিক্স ডিপার্টমেন্ট, বাংলাদেশ ব্যাংক, প্রধান কার্যালয়, মতিঝিল, ঢাকা বরাবর স্ব স্ব ফার্ম/প্রতিষ্ঠানের প্রোফাইল প্রয়োজনীয় দলিলাদিসহ নির্ধারিত ছকে আবেদনের জন্য অনুরোধ জানানো যাচ্ছে। উল্লিখিত দলিলাদি বাংলাদেশ ব্যাংকের ওয়েবসাইট www.bb.org.bd এর নোটিফিকেশন/নোটিশ বোর্ড অংশ হতে সংগ্রহ করার জন্য পরামর্শ প্রদান করা হলো। বাংলাদেশ ব্যাংক প্রয়োজনবোধে আবেদনকারী সিএ ফার্মের কার্যালয় সরেজমিনে পরিদর্শন করবে। তালিকাভুক্ত কোনো সিএ ফার্ম একটি নির্দিষ্ট আর্থিক বছরে সর্বোচ্চ ০৬ (ছয়)টি ব্যাংক ও ফাইন্যান্স কোম্পানীতে বিধিবদ্ধ নিরীক্ষা (Statutory Audit) কার্যক্রম পরিচালনা করতে পারবে। নির্ধারিত সময়ের পরে কোন আবেদন গ্রহণযোগ্য হবে না। আবেদনকারী ফার্মসমূহের মধ্যে কোনো ফার্ম চূড়ান্ত তালিকায় অর্ন্তভুক্ত হতে ব্যর্থ হলে তালিকা প্রকাশের পরবর্তী ১০ (দশ) কর্মদিবসের মধ্যে পুনর্বিবেচনার জন্য আবেদন করার সুযোগ পাবে। বাংলাদেশ ব্যাংক অনিবার্য কারণে এ বিজ্ঞপ্তি/বিজ্ঞপ্তির অংশবিশেষ/ বিজ্ঞপ্তিতে উল্লিখিত শর্তাবলী বাতিল/পরিবর্তন/সংশোধন করার ক্ষমতা সংরক্ষণ করে।

স্বাক্ষরিত
(মোঃ আবদুল মান্নান)
পরিচালক (এসডিএডি)

ব্যাংক ও ফাইন্যান্স কোম্পানী নিরীক্ষার নিমিত্ত যোগ্য সিএ ফার্মের তালিকায় অর্ন্তভুক্তির জন্য
আবেদনপত্রের সাথে দাখিলযোগ্য তথ্যাবলী ও দলিলাদি

| ক্রমিক নং | আবশ্যক তথ্যাদি | আবশ্যক দলিলাদি |
|---|---|---|
| ০১. | ফার্মের নাম ও প্রতিষ্ঠাকাল ঃ<br>(ফার্ম প্রতিষ্ঠার তারিখ) | দি ইনস্টিটিউট অব চার্টার্ড একাউন্ট্যান্টস্ অব বাংলাদেশ (আইসিএবি) কর্তৃক প্রদত্ত ফার্মের নাম এবং ফার্ম প্রতিষ্ঠার তারিখ/সন সম্বলিত প্রত্যয়নপত্র ও ফাইনান্সিয়াল রিপোর্টিং কাউন্সিল (এফআরসি) কর্তৃক প্রদত্ত নিবন্ধন নম্বর। |
| ০২. | পার্টনারদের সংখ্যা ও নাম | পার্টনারশীপ ডিডের কপি, পার্টনার হিসেবে ফার্মে অন্তর্ভুক্তির অনুমতি ও তারিখ সম্বলিত আইসিএবি প্রদত্ত প্রত্যয়নপত্র এবং অংশীদারগণের হালনাগাদ সিওপি। পার্টনার এফসিএ বা এসিএ হলে সে সংখ্যা এবং এতদ্সংক্রান্ত সার্টিফিকেট এর কপি। এছাড়াও এফআরসি কর্তৃক পার্টনারকে প্রদত্ত নিবন্ধন নম্বর। |
| ০৩. | বিগত পাঁচ বছরে ব্যাংক/ফাইন্যান্স কোম্পানীতে বিধিবদ্ধ নিরীক্ষা এবং অন্যান্য নিরীক্ষায় (Investigation/ Forensic Audit/ Special Audit) ফার্মের অভিজ্ঞতা | ক) বিগত ০৫(পাঁচ) বছরে নিরীক্ষাকৃত ব্যাংক ও ফাইন্যান্স কোম্পানীর নাম, নিরীক্ষার সাল এবং নিরীক্ষার ধরন বা প্রকৃতি।<br>খ) নিরীক্ষক হিসেবে সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের নিয়োগপত্র।<br>গ) নিরীক্ষার প্রতিবেদন দাখিল করার প্রমাণপত্র। |
| ০৪. | কোন আন্তর্জাতিক সিএ ফার্মের এ্যাফিলিয়েটেড ফার্ম/সহযোগী ফার্ম হিসেবে নিরীক্ষা কার্যক্রম সম্পাদনের অভিজ্ঞতা এবং বার্ষিক টার্নওভার | ক) আন্তর্জাতিক সিএ ফার্মের নাম, সংশ্লিষ্টতার ধরন, প্রকৃতি ও ব্যাপ্তি (tenor)।<br>খ) সংশ্লিষ্ট আন্তর্জাতিক ফার্ম কর্তৃক এ্যাফিলিয়েটেড ফার্ম/সহযোগী ফার্ম হিসেবে প্রদত্ত স্বীকৃতিপত্র বা এ সংক্রান্ত প্রমাণপত্র।<br>গ) সংশ্লিষ্ট আন্তর্জাতিক ফার্মের ওয়েবসাইট লিংক।<br>ঘ) আন্তর্জাতিক সিএ ফার্মের এ্যাফিলিয়েটেড ফার্ম/সহযোগী ফার্ম হিসেবে নিরীক্ষকরূপে সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের নিয়োগপত্র।<br>ঙ) নিরীক্ষা প্রতিবেদন দাখিল করার প্রমাণপত্র। |
| ০৫. | স্থানীয়ভাবে এবং এ্যাফিলিয়েটেড প্রতিষ্ঠানের (যদি থাকে) পক্ষে নিরীক্ষা কার্য পরিচালনার মাধ্যমে অর্জিত সংশ্লিষ্ট ফার্মের মোট বার্ষিক টার্নওভার এর পরিমাণ। | বার্ষিক টার্নওভার এর স্বপক্ষে প্রমাণক হিসেবে সংশ্লিষ্ট আয়ের ভাউচার, ব্যাংক স্টেটমেন্ট এবং ফার্ম/পার্টনারের (প্রযোজ্য ক্ষেত্রে উভয়েরই) সর্বশেষ প্রদত্ত আয়কর বিবরণীর (Supported by certified IT10B) কপি। |
| ০৬. | পার্টনারদের অভিজ্ঞতা | ক) আইসিএবি কর্তৃক প্রদত্ত এনরোলমেন্ট নম্বর।<br>খ) প্রত্যেক পার্টনারের বায়োডাটা।<br>গ) নিরীক্ষা ব্যতীত ব্যাংক/ফাইন্যান্স কোম্পানীতে সরাসরি কাজের অভিজ্ঞতা (পাঁচ বছরের অধিক) থাকলে সে সংক্রান্ত অভিজ্ঞতা সনদের কপি। |
| ০৭. (i) | ফার্মে অংশীদার ব্যতীত চার্টার্ড একাউন্ট্যান্টদের পেশাগত শিক্ষা ও অভিজ্ঞতা | ক) আইসিএবি কর্তৃক প্রদত্ত এনরোলমেন্ট নম্বর।<br>খ) ফার্ম কর্তৃক প্রদত্ত নিয়োগপত্র এবং সংশ্লিষ্ট ব্যক্তির যোগদানপত্র।<br>গ) অন্য কোনো প্রতিষ্ঠানে কর্মরত নন মর্মে সংশ্লিষ্ট ব্যক্তির ঘোষণাপত্র। |
| ০৭.(ii) | কোর্স কমপ্লিট ছাত্রঃ<br>ক) পার্ট কোয়ালিফাইড<br>খ) কোর্স কমপ্লিট | ক) পার্ট কোয়ালিফাইড ছাত্রদের নাম এবং লেভেল অব এক্সামিনেশন উল্লেখপূর্বক আইসিএবি কর্তৃক প্রদত্ত সার্টিফিকেট।<br>খ) কোর্স কমপ্লিট ছাত্রদের নাম এবং ফার্মের প্রিন্সিপাল কর্তৃক প্রদত্ত কোর্স সমাপ্তির সার্টিফিকেট।<br>গ) ফার্ম কর্তৃক প্রদত্ত নিয়োগপত্র এবং সংশ্লিষ্ট ব্যক্তির যোগদানপত্র।<br>ঘ) অন্য কোনো প্রতিষ্ঠানে কর্মরত নন মর্মে সংশ্লিষ্ট ব্যক্তির ঘোষণাপত্র। |
| ০৭.(iii) | আর্টিকেল্ড স্টুডেন্ট (শিক্ষানবিশ ছাত্র) | ছাত্রদের নাম, রেজিস্ট্রেশন নম্বর ও তারিখ এবং প্রত্যেক ছাত্রের রেজিস্ট্রেশন সংক্রান্ত আইসিএবি কর্তৃক প্রদত্ত প্রত্যয়নপত্র। |
| ০৮. | অফিস আয়তন (বর্গফুট) | ভাড়ায় পরিচালিত অফিসের ক্ষেত্রে ভাড়ার চুক্তিপত্রের অনুলিপি এবং নিজ মালিকানাধীন অফিসের ক্ষেত্রে নিজস্ব ঘোষণাপত্র। |
| ০৯. | আইটি সিস্টেম্স ও ইক্যুইপমেন্ট (অফিসে | ক) আইটি ইক্যুইপমেন্টের ইনভেন্টরি'র কপি (ইক্যুইপমেন্টের ধরন, মডেল, |

| ক্রমিক নং | আবশ্যক তথ্যাদি | আবশ্যক দলিলাদি |
|---|---|---|
| | ব্যবহৃত আইটি ইক্যুইপমেন্ট, কম্পিউটার/ল্যাপটপ, প্রিন্টার, স্ক্যানার, ইন্ট্রানেট, ইন্টারনেট ইত্যাদি) | সিরিয়াল নম্বর, ব্যবহারকারীর নাম ইত্যাদি অবশ্যই থাকতে হবে)। <br>খ) ব্যাংক ও ফাইন্যান্স কোম্পানী নিরীক্ষার জন্য অডিট টুলস্ ব্যবহার করা হয়ে থাকলে সেই সফট্ওয়্যারের নাম এবং সফট্ওয়্যার ক্রয় সংক্রান্ত দলিলাদি। <br>গ) অফিস প্রাঙ্গনে নেটওয়ার্কিং/সার্বক্ষণিক ইন্টারনেট ব্যবহারের সুবিধা থাকলে ইন্টারনেট সার্ভিসের প্রকৃতি (ব্রডব্যান্ড/ওয়্যারলেস/অন্যান্য এবং সার্ভিস প্রোভাইডারের নাম সম্বলিত ফার্মের নিজস্ব ঘোষণাপত্র)। <br>ঘ) ফার্মের নিজস্ব ওয়েবসাইট থাকলে সেই ওয়েবসাইটের ঠিকানা এবং স্ক্রিনশট এর কপি। |
| ১০. | আইটি প্রফেশনাল এবং আইটি সিস্টেম অডিটের অভিজ্ঞতা | ক) CISA/CISO/CISSP/CISM/CEH/CHH হতে পেশাগত সনদ প্রাপ্ত আইটি অডিটর থাকলে সে সংক্রান্ত সনদপত্রের কপি। <br>খ) ব্যাংক/সরকারী/আধা-সরকারী/স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে আইটি সিস্টেমস্ অডিটের অভিজ্ঞতা থাকলে নিরীক্ষাকৃত প্রতিষ্ঠানের নাম, নিরীক্ষা সাল সংক্রান্ত তথ্য। <br>গ) নিরীক্ষক হিসেবে সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের নিয়োগপত্র। <br>ঘ) নিরীক্ষা প্রতিবেদন দাখিল করার প্রমাণপত্র। |
| ১১. | বিগত পাঁচ বছরে ব্যাংক ও ফাইন্যান্স কোম্পানী ব্যতীত অন্যান্য প্রতিষ্ঠান নিরীক্ষার অভিজ্ঞতা | ক) সরকারী/আধা সরকারী/স্বায়ত্তশাসিত বিভিন্ন প্রতিষ্ঠান নিরীক্ষার অভিজ্ঞতা থাকলে সে সকল প্রতিষ্ঠানের নাম, নিরীক্ষার সাল ও নিরীক্ষার ধরন, নিরীক্ষক হিসেবে সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের নিয়োগপত্র, নিরীক্ষা প্রতিবেদন দাখিল করার প্রমাণপত্র। <br>খ) শেয়ার মার্কেটে তালিকাভুক্ত বিভিন্ন প্রতিষ্ঠান নিরীক্ষার অভিজ্ঞতা থাকলে সে সকল প্রতিষ্ঠানের নাম, নিরীক্ষার সাল ও নিরীক্ষার ধরন, নিরীক্ষক হিসেবে সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের নিয়োগপত্র, নিরীক্ষা প্রতিবেদন দাখিল করার প্রমাণপত্র। <br>গ) শেয়ার মার্কেটে অতালিকাভুক্ত বিভিন্ন প্রতিষ্ঠান নিরীক্ষার অভিজ্ঞতা থাকলে সে সকল প্রতিষ্ঠানের নাম, নিরীক্ষার সাল ও নিরীক্ষার ধরন, নিরীক্ষক হিসেবে সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের নিয়োগপত্র, নিরীক্ষা প্রতিবেদন দাখিল করার প্রমাণপত্র। |
| ১২. | ফার্মের মোট জনবল (সাপোর্ট স্টাফ যেমনঃ পিওন, সিকিউরিটি গার্ড ইত্যাদি ব্যতীত) | ফার্মের মোট জনবলের সংখ্যা ও বিবরণ সংক্রান্ত ঘোষণাপত্র। |
| ১৩. | Bangladesh Bank, Financial Reporting Council, The Institute of Chartered Accountants of Bangladesh, Bangladesh Securities and Exchange Commission, Insurance Development and Regulatory Authority, Microcredit Regulatory Authority বা অন্য কোন রেগুলেটরি প্রতিষ্ঠান বা সংস্থা কর্তৃক কোন সিএ ফার্ম বা ফার্মের অংশীদারের বিরুদ্ধে কোন ধরনের শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করা হয়ে থাকলে তার বিস্তারিত বিবরণ (গৃহীত শাস্তিমূলক ব্যবস্থার বিপরীতে মহামান্য আদালতের স্থগিতাদেশ থাকলে তাও উল্লেখ করতে হবে)। | শাস্তির প্রকৃতি, প্রযোজ্য ক্ষেত্রে মেয়াদ, অর্থদণ্ড হয়ে থাকলে তার পরিমাণসহ আরোপিত শাস্তিমূলক ব্যবস্থার বিস্তারিত বিবরণ এবং এ প্রসঙ্গে Bangladesh Bank, Financial Reporting Council, The Institute of Chartered Accountants of Bangladesh, Bangladesh Securities and Exchange Commission, Insurance Development and Regulatory Authority, Microcredit Regulatory Authority বা অন্য কোন রেগুলেটরি প্রতিষ্ঠান বা সংস্থা কর্তৃক প্রদত্ত পত্রের কপি। শাস্তির বিরুদ্ধে মহামান্য আদালতের স্থগিতাদেশ থাকলে উক্ত আদেশের কপি। <br>Bangladesh Bank, Financial Reporting Council, The Institute of Chartered Accountants of Bangladesh, Bangladesh Securities and Exchange Commission, Insurance Development and Regulatory Authority, Microcredit Regulatory Authority বা অন্য কোন রেগুলেটরি প্রতিষ্ঠান বা সংস্থা কর্তৃক কখনও কোন ধরনের শাস্তিমূলক ব্যবস্থা আরোপিত না হয়ে থাকলে এ সংক্রান্ত ঘোষণাপত্র। |

## ব্যাংক ও ফাইন্যান্স কোম্পানী নিরীক্ষার নিমিত্ত যোগ্য সিএ ফার্মের তালিকায় অর্ন্তভুক্তির জন্য আবেদনপত্রের সাথে দাখিলযোগ্য ঘোষণাপত্রে সন্নিবেশযোগ্য বিষয়াবলী

১. আবেদনের তারিখে ফার্ম/পার্টনার বা তাদের স্বার্থসংশ্লিষ্ট কোন ব্যক্তি/প্রতিষ্ঠান ঋণখেলাপী কিনা বা আদালত কর্তৃক উক্ত ফার্ম এবং ফার্মের পার্টনারদের অনুকূলে কোন Stay order (যেমনঃ CIB সংক্রান্ত) জারি করা হয়েছে কিনা তা উল্লেখ করতে হবে;

২. কোনো নিয়ন্ত্রণকারী প্রতিষ্ঠান বা সংস্থা কর্তৃক অতীত/বর্তমানে (পূর্ববর্তী তালিকাভুক্তিকালে ফার্ম কর্তৃক বাংলাদেশ ব্যাংকে আবেদন প্রেরণের পরবর্তী দিবস হতে) কোন সিএ ফার্মের বিরুদ্ধে অভিযোগ উত্থাপন/অভিযোগ প্রমাণিত হওয়া/শাস্তিমূলক ব্যবস্থা* গৃহীত হওয়ার রেকর্ড থাকলে তা নিম্নোক্ত ছকে উল্লেখপূর্বক আবেদনপত্রের সাথে দাখিল করতে হবে ঃ

| ক্রমিক নং | সাল/তারিখ | অভিযোগ উত্থাপনকারী কর্তৃপক্ষ | অভিযোগের বিস্তারিত বিবরণ | অভিযোগ প্রমাণিত হয়েছে কিনা (হলে তার সুনির্দিষ্ট তারিখ) | শাস্তিমূলক ব্যবস্থা গৃহীত হয়ে থাকলে তার সুনির্দিষ্ট বিবরণ | শাস্তির বিরুদ্ধে আপিল করে থাকলে তার সুনির্দিষ্ট বিবরণ | চূড়ান্ত শাস্তিমূলক ব্যবস্থা গৃহীত হয়ে থাকলে তার বিস্তারিত বিবরণ | চূড়ান্ত শাস্তিমূলক ব্যবস্থার পরিপালন অবস্থার হালনাগাদ তথ্য | গৃহীত শাস্তিমূলক ব্যবস্থার মেয়াদ চলমান রয়েছে কিনা/গৃহীত শাস্তিমূলক ব্যবস্থার মেয়াদোত্তীর্ণ হয়েছে কিনা | গৃহীত শাস্তিমূলক ব্যবস্থা নিষ্পত্তি হয়েছে কিনা, হলে কিভাবে নিষ্পত্তি হলো তার বিবরণ | মন্তব্য/সামগ্রিক বিষয়ে ফার্ম/পার্টনারের বক্তব্য |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ | ১২ |
| | | | | | | | | | | | |

* এখানে শাস্তিমূলক ব্যবস্থা বলতে যে কোন নিয়ন্ত্রক সংস্থা/বিভাগ কর্তৃক অভিযোগের কারণে সংশ্লিষ্ট সিএ ফার্মকে সতর্কীকরণ, তিরস্কার, জরিমানা, সিওপি স্থগিতকরণ, অন্তর্বর্তীকালীন বা সুনির্দিষ্ট সময়ের জন্য নিরীক্ষা কার্যক্রম হতে বিরত রাখা ইত্যাদি বোঝানো হয়েছে।

৩. ঘোষণাপত্রে বর্ণিত বিষয়াদি সিএ ফার্মসমূহ কর্তৃক তালিকাভুক্তির জন্য আবেদন দাখিলের সময় সংযোজনী আকারে নীতিমালা বাস্তবায়নকারী বিভাগের নাম, বাংলাদেশ ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা বরাবর দাখিল করতে হবে।